গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০১৮.০০.০০.০১৩.২০১১- ২২৮

তারিখঃ ২৩ ফাগুন, ১৪২২
০৬ মার্চ, ২০১৬

বিষয় ঃ বাল্য বিবাহ নিরোধ সংক্রান্ত বিষয়ে ০৯ ফেব্রুয়ারি/২০১৬ তারিখের পরামর্শক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৮/০২/২০১৬ তারিখের ০৩.০৯২.০০৬.০০.০০.০১৫.অংশ-১. ২০১৪-১১৯নং স্মারকের পত্রটি সংযুক্তিসহ এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

০২। এমতাবস্থায়, গত ০৯.০২.২০১৬ তারিখে বাল্য বিবাহ নিরোধ সংক্রান্ত বিষয়ে মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করত: আগামী ১৩.০৩.২০১৬ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
সংযুক্তি ঃ ০৩(তিন) পাতা।

(সৈয়দ মো: নুরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০
sasup2.lgd@gmail.com

জেলা প্রশাসক (সকল)
-----------------জেলা।

অনুলিপি ঃ

১। উপপরিচালক(ইনোভেশন), গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সচিব মহোদযের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

স্থানীয় সরকার বিভাগ
গ্রহণ ও প্রেরণ শাখা
29 FEB 2016
ডায়েরী নং...

পত্র সংখ্যা ...০৩.০৯২.০০৬.০০.০০.০১৫.অংশ-১.২০১৪- ১১৯ তারিখ ....২৮/০২/২০১৬.....

বিষয়ঃ বাল্য বিবাহ নিরোধ সংক্রান্ত বিষয়ে ০৯ ফেব্রুয়ারি/২০১৬ তারিখের পরামর্শক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট কর্তৃক বাল্য বিবাহ প্রতিরোধে মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৯ ফেব্রুয়ারি/২০১৬ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে (কার্যবিবরণী সংযুক্ত)।

এমতাবস্থায় সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন পূর্বক (প্রযোজ্য অংশ) একটি প্রতিবেদন আগামী ১৫ মার্চ/২০১৬ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ কার্যবিবরণী ০২ পাতা

ডাইরী নং ...... তাং ......
প্রয়োজনীয় কার্যার্থে/অবগতির্থে প্রেরিত হইল
ইপ......১/২ শাখা
প্রশাসন-১/২ শাখা
যুগ্ম-সচিব (ইপ)
স্থানীয় সরকার বিভাগ

(হাসিনা বেগম)
উপ-পরিচালক (ইনোভেশন)
গভর্নেন্স ইনোভেশন ইউনিট
প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
e-mail:ddinnovationgiu@pmo.gov.bd
ফোনঃ +৮৮০২ ৯১৩১৮৬৫

সচিব
স্থানীয় সরকার বিভাগ,
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)
১। মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২। মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৩। পরিচালক (সকল), জিআইইউ, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৫। ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক, জিআইইউ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
গভর্নেন্স ইনোভেশন ইউনিট
তেজগাঁও, ঢাকা।

বিষয়ঃ বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ আবুল কালাম আজাদ
মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
তারিখ ও সময়ঃ ৯ ফেব্রুয়ারি/২০১৬, বিকাল ৩.০০ টা
স্থানঃ সভাকক্ষ (২য় তলা) প্রধানমন্ত্রীর কার্যালয়
উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। বাল্যবিবাহ নিরোধে Girl Summit-২০১৪ তে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অঙ্গীকারের কথা উল্লেখ করে তিনি সে আলোকে ২০২১ সালের মধ্যে ১৫ বছরের নিচে বাল্যবিবাহকে শূন্য করা, ২০২১ সালের মধ্যে ১৫-১৮ বছরের বাল্যবিবাহ এক তৃতীয়াংশে নামিয়ে আনা এবং ২০৪১ সালের মধ্যে বাল্যবিবাহ মুক্ত বাংলাদেশ বিনির্মানে উপস্থিত সকলের ভূমিকা ও সহযোগিতার বিষয়টি তুলে ধরেন। অতঃপর Girl Summit এ মাননীয় প্রধানমন্ত্রীর অঙ্গীকার, বাল্যবিবাহ নিরোধে গভর্নেন্স ইনোভেশন ইউনিট এর উদ্ভাবনী উপায়, এ ইউনিটের বিগত সময়ের কার্যক্রম এবং ভবিষ্যত করণীয় বিষয়ে একটি উপস্থাপনা করা হয়। এতে দেখা যায় যে বাংলাদেশ ২০০৬ এর বাল্য বিবাহের হার ৭৪% স্থলে ২০১৩ তে ৫২% এসে দাঁড়িয়েছে। উপস্থাপনায় বলা হয় কোনভাবে একটি বিয়ে পড়িয়ে দিলে তা বৈধ হওয়া, নিবন্ধন ব্যতীত বিবাহের বৈধতা থাকা এবং এ ধরনের বিবাহ যারা পড়িয়ে থাকেন (মসজিদের ইমাম, মাদ্রাসার শিক্ষক, ধর্মীয় শিক্ষক,মৌলভী, ঠাকুর, পুরোহিত স্থানীয় মুরুব্বী, বিবাহ নিবন্ধকের সহকারি) ,তারা তদারকি, মনিটরিং বা দায়বদ্ধতার মধ্যে না থাকায় এবং এ সকল ব্যক্তিবর্গ বিবাহ সম্পর্কিত আইন, বিধি-বিধান সম্পর্কে সম্যক অবগত না থাকায় যেনতেন প্রকারে বিবাহ পড়িয়ে থাকেন। অথচ যিনি বিবাহ পড়িয়ে থাকেন তার সহায়তা ছাড়া পাত্র-পাত্রী, অভিভাবক বা সমাজের গণ্যমান্য ব্যক্তি কারো পক্ষেই বিবাহ অনুষ্ঠান সম্ভব নয়। বিবাহ রেজিস্ট্রেশন বা শিশু বিবাহ নিরোধের দায়িত্বপ্রাপ্ত বিভাগ/সংস্থার আইনানুগ অবস্থান থেকে বাল্য বিবাহের জন্য চিহ্নিত এ সকল কারণ নিরসনে উদ্যোগী হলে বাল্যবিবাহের হার দ্রুত কমিয়ে আনা সম্ভব।

গভর্নেন্স ইনোভেশন ইউনিট জেলা ও উপজেলা প্রশাসনের সহায়তা নিয়ে স্থানীয়ভাবে ৫৫ হাজার ব্যক্তিবর্গকে চিহ্নিত করে ডাটাবেজভুক্ত করেছে ।বিবাহ নিবন্ধকসহ ডাটাবেজভুক্তদের প্রশিক্ষণ ও মনিটরিং করে উদ্ভাবনী উপায়ে দ্রুত বাল্যবিবাহ রোধ সকলের সহযোগিতা কামনা করা হয়।

উপস্থাপনাটির পর ভিডিয়র মাধ্যমে সংযুক্ত এবং সভায় উপস্থিত সচিব ও সংস্থাপ্রধানগণ তাদের নিজ নিজ মন্ত্রণালয় ও সংস্থার অগ্রগতি এবং আগামীতে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে তাদের সহযোগিতার কথা জানান। মন্ত্রিপরিষদ সচিব জনাব মোহাম্মদ শফিউল আলম জানান যে, বাল্যবিবাহ নিরোধে বাংলাদেশ অনেক উন্নতি সাধন করেছে। পূর্বের তুলনায় এর হার কমে ৫২% এ এসে দাঁড়িয়েছে। মাঠ প্রশাসনে জেলা প্রশাসকগণ বাল্য বিবাহ নিরোধে কাজ করছে এবং বেশকিছু জেলা এতে সাফল্য দেখিয়েছে। বাল্য বিবাহ নিরোধ আইন ১৯২৯ এর কিছু সংশোধনী দরকার। উপজেলা পর্যায়ে বাল্য বিবাহ নিরোধ কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসারগণের পাশাপাশি অন্য বিভাগের কর্মকর্তাদের অর্ন্তভুক্ত করতে হবে। এতে করে কাজের গতি বৃদ্ধি পাবে। ২০৪১ সালের আগেই বাংলাদেশ বাল্য বিবাহ মুক্ত হবে মর্মে তিনি দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন ।

বিস্তারিত আলোচনা শেষে বাল্য বিবাহ নিরোধ সংক্রান্ত সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

সিদ্ধান্ত	বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/ সংস্থা
১। মুসলিম বিবাহ ও তালাক নিবন্ধক আইন ১৯৭৪ এর ৩ ধারা মতে প্রতিটি বিবাহকে রেজিষ্ট্রেশনের আওতায় আনার কার্যকর কৌশল তৈরী ও তদানুসারে বিবাহ নিবন্ধকদের দায়িত্ব নির্ধারণ করতে হবে ।	আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
২। মুসলিম বিবাহ ও তালাক নিবন্ধন আইন ১৯৭৪ কে মোবাইল কোর্টের তফশিলভুক্ত করার বিষয়টি পরীক্ষান্তে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মন্ত্রিপরিষদ বিভাগ/ আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৩। ঢাকা, চট্টগ্রামসহ সকল সিটি কর্পোরেশন এবং পৌর এলাকায় বিবাহ নিবন্ধক, নোটারি পাবলিক এবং নিবন্ধক ব্যতীত অন্য যারা বিবাহ পড়ান তাদের কার্যক্রম নিবিড় তদারকির আওতায় আনতে হবে।	
৪। বিবাহ নিবন্ধক সহ জেলা রেজিষ্ট্রার ও সাব-রেজিষ্ট্রারদের বিবাহ নিবন্ধক সংক্রান্ত	

সিদ্ধান্ত	বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/ সংস্থা
কার্যক্রম তদারকি জোরদার করতে হবে	আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৫। জেলা রেজিস্ট্রার ও সাব-রেজিস্ট্রার কর্তৃক বিবাহ নিবন্ধকগণের কার্যালয় পরিদর্শন বৃদ্ধি করার নির্দেশনা প্রদান করতে হবে।	
৬। নিকাহ নিবন্ধকগণকে অবিলম্বে প্রশিক্ষণ প্রদান করতে হবে। এ জন্যে প্রয়োজন হলে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ধর্ম মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর বা বেসরকারী সংস্থার সহায়তা নেয়া যেতে পারে।	
৭। কাবিননামায় বর কনের ছবি সংযোজন, বিবাহের তারিখ লেখা, বর ও কনের বয়স দিন, মাস ও বছরে উল্লেখ করা, বর ও কনের জন্ম নিবন্ধন সনদ বা ভোটার আইডি নম্বর উল্লেখ করা, বিবাহের সাক্ষীগণ ও যিনি বিবাহ পড়ান তাদের ঠিকানা লেখার ব্যবস্থা করা, কনে কুমারী, বিধবা,তালাক প্রাপ্তার স্থলে বিবাহ যোগ্য কিনা তা লিখে ফরমটিকে সংশোধন করার বিষয় পরীক্ষান্তে দ্রুত হালনাগাদ করতে হবে।	
৮। নিকাহ /বিবাহ নিবন্ধকদের সহকারিদের দায়িত্ব সুনির্দিষ্ট করে নির্দেশনা জারী করতে হবে।	
৯। বিবাহের প্রাক্কালে বিবাহ নিবন্ধকের উপস্থিতি নিশ্চিত করার বিষয়টি পরীক্ষান্তে দ্রুত নির্দেশনা জারী করতে হবে।	
১০। বিবাহ যারা পড়ান তাদের সাথে বিবাহ নিবন্ধকের সম্পর্ক নির্ধারণ করে দিতে হবে।	
১১। মন্ত্রণালয় ও আই জি আর APA তে বিবাহ নিবন্ধনকে অর্ন্তভূক্ত করা।	
১২। হিন্দু বিবাহকে নিবন্ধনের আওতায় নিয়ে আসার জন্য দৃশ্যমান পদক্ষেপ গ্রহণ করতে হবে।	
১৩। আইনানুগ বিবাহ অনুষ্ঠানের বিষয়টি রেডিও, টেলিভিশনে ব্যাপক প্রচারের জন্য ৩০-৪৫ সেকেন্ডের বিজ্ঞাপনসহ বিভিন্ন রকম কনটেন্ট তৈরী করে তথ্য ও বেতার মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১৪। জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক বিবাহ পড়িয়ে থাকে এমন ডাটাবেজভূক্ত ব্যক্তিবর্গকে আয়োজিত প্রশিক্ষণ ও সচেতনতামূলক কার্যক্রমে সম্পৃক্ত করতে হবে।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও মহিলা বিষয়ক অধিদপ্তর
১৫। বাল্যবিবাহ নিরোধে জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের মামলা দায়েরের ক্ষমতা দেয়ার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
১৬। আইনানুগভাবে বিবাহ সম্পাদন ও বিবাহ রেজিষ্ট্রেশনের বিষয়ে গুরুত্ব দিয়ে প্রচারণা চালাতে হবে।	
১৭। বাল্যবিবাহ নিরোধে, মামলা দায়ের ও প্রতিরোধ কার্যক্রম মনিটরিং করতে হবে	
১৮। বাল্যবিবাহ নিরোধের জন্য জেলা ও উপজেলা পর্যায়ে কমিটির কার্যক্রম কে নিবিড় মনিটরিং করতে হবে।	
১৯। মন্ত্রণালয় ও অধিদপ্তরের APA তে মাননীয় প্রধান মন্ত্রীর প্রতিশ্রুতির প্রতিফলন ঘটাতে হবে।	
২০। অসহায় ,দরিদ্র ও বাল্যবিবাহের শিকার হতে পারে এমন মেয়ে শিশু ও তাদের অভিভাকদের বিশেষ সহায়তা প্রদান করতে হবে।	
২১। বিভিন্ন কর্মসূচীর সুবিধাভোগী পরিবারের সদস্য/সদস্যাগণকে বাল্য বিবাহ থেকে বিরত রাখা নিশ্চিত করতে হবে।	
২২। জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক বিবাহ পড়িয়ে থাকেন এমন ব্যক্তিদের প্রস্তুতকৃত ডাটাবেজভুক্ত ইমাম, মোয়াজ্জেনদের কে প্রশিক্ষণে অর্ন্তভূক্ত করে বিবাহ রেজিষ্ট্রেশনের বাধ্যবাধকতা ও সংশ্লিষ্ট আইন বিষয়ে সুনির্দিষ্ট ভাবে প্রশিক্ষণ প্রদান করতে হবে।	ধর্ম মন্ত্রণালয়/ ইসলামিক ফাউন্ডেশন
২৩। বিবাহ নিবন্ধকের উপস্থিতিতে বিবাহ পড়াতে ইমাম মোয়াজ্জেনদেরকে উদ্বুদ্ধ করতে হবে।	

সিদ্ধান্ত	বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/ সংস্থা
২৪। জুমার খুৎবার পূর্বে বিবাহ রেজিস্ট্রেশন, বাল্য বিবাহের কুফল সম্পর্কে ইমামদের বক্তব্যের কনটেন্ট তৈরী করে দিতে হবে এবং খুৎবার পূর্বে আইনানুগভাবে বিবাহ অনুষ্ঠান ও নিবন্ধিত বিবাহের সুবিধা বিষয়ে ইমামগণ বক্তব্য রাখছেন কিনা তা দৈব চয়নের ভিত্তিতে যাচাই করতে হবে।	
২৫। যে সকল ইউনিয়ন পরিষদে এখনও বিবাহ নিবন্ধকদের অফিস স্থাপনের ব্যবস্থা করা হয়নি সে গুলোতে দ্রুত বিবাহ নিবন্ধকদের কার্যালয় স্থাপন করতে হবে।	স্থানীয় সরকার বিভাগ
২৬। ভুয়া জন্ম নিবন্ধন সনদ প্রদান বন্ধ করতে হবে। জন্ম নিবন্ধন সনদ প্রদানের ক্ষেত্রে যথাযথ সতর্কতা অবলম্বনের জন্য সকল সিটি কর্পোরেশন, ইউনিয়ন পরিষদ ও পৌরসভাকে নির্দেশনা প্রদান করতে হবে।	
২৭। মোবাইল কোর্টের তথ্য সংগ্রহের সময় জেলা প্রশাসকগণ হতে মোবাইল কোর্টের মাধ্যমে নিরোধকৃত বাল্যবিবাহের সংখ্যা বিষয়ে আলাদাভাবে তথ্য পাঠানোর বিষয়ে নির্দেশনা প্রদান করা।	মন্ত্রিপরিষদ বিভাগ
২৮। মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের উপবৃত্তির সংখ্যা ও পরিমান বৃদ্ধি করতে হবে।	শিক্ষা মন্ত্রণালয়
২৯। মাধ্যমিক পর্যায়ের কোন ছাত্রী বাল্যবিবাহের কারণে ঝরে পড়তে না পারে তা নিশ্চিত করার জন্য মনিটরিং জোরদার করতে হবে। মাদ্রাসার শিক্ষক, কর্মচারী ও ছাত্রদের বাল্যবিবাহ পড়ানো থেকে বিরত রাখার জন্য সুস্পষ্ট নির্দেশনা প্রদান করতে হবে। বাল্যবিবাহ পড়ানোর শাস্তি ও বিবাহ নিবন্ধনে যিনি বিবাহ পড়ান তার দায়িত্ব কি, তা নির্দেশনার সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।	
৩০। বিবাহ পড়ানোয় শিক্ষক-কর্মচারীদের নিরুৎসাহিত করে জারীকৃত পত্রের অগ্রগতি মনিটরিং করতে হবে।	
৩১। বিবাহ পড়ানোর ক্ষেত্রে শিক্ষক-কর্মচারীদের নিরুৎসাহিত করে জারিকৃত পরিপত্রের সুষ্ঠু মনিটরিংয়ের জন্য এটি উপজেলা ও জেলা পর্যায়ের কর্মকর্তাদের পরিদর্শনের চেকলিস্টভুক্ত করে সংশ্লিষ্টদের জানিয়ে দিতে হবে। ৩২। বিভিন্ন শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের ট্রেনিং মডিউলে আইনানুগভাবে বিবাহ অনুষ্ঠানের নিয়মাবলী অর্ন্তভুক্ত করে তা শিক্ষকদের জানাতে হবে। ৩৩। শিশু বিবাহের ফলে যেন কোন ছাত্রী ঝরে পড়তে না পারে সে জন্যে শিক্ষকদের সচেতন করতে হবে।	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
৩৪। বাল্যবিবাহ নিরোধ ও বিবাহ রেজিস্ট্রেশনের প্রয়োজনীয়তা তুলে ধরে বিটিভি, বেসরকারি টিভি চ্যানেল ও বেতারে তথ্যচিত্র/অনুষ্ঠান প্রচার অব্যাহত রাখতে হবে। ৩৫। আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ধর্ম মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ইসলামিক ফাউন্ডেশন বাল্যবিবাহের বিপক্ষে প্রচারণার জন্য কোন তথ্যচিত্র বা বিজ্ঞাপন তৈরী করলে তা বহুল প্রচারের ব্যবস্থা করতে হবে।	তথ্য মন্ত্রণালয়
৩৬। ইভটিজিং বন্ধসহ শিশু কিশোরীদের নিরাপত্তা প্রদান এবং বাল্য বিবাহ প্রতিরোধে স্থানীয়ভাবে নিয়োজিত সকল সংস্থাকে, আইন শৃঙ্খলা বাহিনীর সহায়তা প্রদান অব্যাহত রাখতে হবে।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৩৭। অসহায় ,দরিদ্র ও বাল্যবিবাহের শিকার হতে পারে এমন মেয়ে শিশুদের সুরক্ষা প্রদান করতে হবে।	সমাজ সেবা অধিদপ্তর

দায়িত্ব প্রাপ্ত মন্ত্রণালয় /বিভাগ ১৫ মার্চ ২০১৬ তারিখের মধ্যে সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এ কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিটকে অবহিত করবে।

২৪-

পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
১৬/০২/২০১৬
মোঃ আবুল কালাম আজাদ
মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়

০৩.০৯২.০০৬.০০.০.০১৫.অংশ-১.২০১৪-১০৬ ১৬ ফেব্রুয়ারি ২০১৬

বিতরণঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃষ্টি আকর্ষনঃ মোঃ মাকসুদুর রহমান পাটওয়ারী, অতিরিক্ত সচিব)
২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৪। সচিব আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। সচিব স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১। আবু হেনা মোঃ রহমাতুল মুমিন, অতিরিক্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২। শেখ আব্দুল আহাদ, অতিরিক্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩। কবির বিন আনোয়ার, মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়
১৪। সাহিন আহমেদ চৌধুরী, মহাপরিচালক (অতিঃ সচিব), মহিলা বিষয়ক অধিদপ্তর, ইস্কাটন রোড,ঢাকা
১৫। মোঃ আলমগীর, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
১৬। গাজী মোহাম্মদ নুরুল কবীর, মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
১৭। মহাপরিচালক ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা
১৮। মহাপরিদর্শক নিবন্ধক, নিবন্ধন পরিদপ্তর, আবদুল গনি রোড, ঢাকা
১৯। মোঃ অহিদুল ইসলাম, সচিব, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা
২০। নাসরীন আফরোজ, পরিচালক-১১, প্রধানমন্ত্রীর কার্যালয়

অনুলিপি: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। বিভাগীয় কমিশনার (সকল) (ই-মেইল যোগে প্রেরিত)
২। জেলা প্রশাসক (সকল) (ই-মেইল যোগে প্রেরিত)
৩। মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৪। মুখ্য সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৫। পরিচালক (সকল), জিআইইউ, প্রধানমন্ত্রীর কার্যালয়
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল) (ই-মেইল যোগে প্রেরিত)
৮। ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক, জিআইইউ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

২৩/০২/১৬
(হাসিনা বেগম)
উপ-পরিচালক (ইনোভেশন)
গর্ভনেন্স ইনোভেশন ইউনিট
ফোনঃ ৯১৩১৮৬৫, ফ্যাক্সঃ ৯১৩১৮৬৯
e-mail:ddinnovationgiu@pmo.gov.bd